



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

'কৃষি ভবন'

অডিট বিভাগ

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এল্লাকা, ঢাকা-১০০০

www.bad.gov.com

## ৯৫তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব মো: সায়েদুল ইসলাম, চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।

সভার তারিখ ও সময়: ০২ সেপ্টেম্বর, ২০১৯, সকাল-১০.০০ ঘটিকা।

সভার স্থান: সংস্থার সম্মেলন কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করার জন্য নিয়ন্ত্রক (অডিট) কে অনুমতি প্রদান করেন। নিয়ন্ত্রক (অডিট) কর্তৃক উপস্থাপিত বিষয়ের ওপর বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	বিগত ১৯/০৫/১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৯৪ তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ।	বিগত সভার কার্যবিবরণী ২৬/০৫/১৯ তারিখে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। এছাড়া কার্যবিবরণী সংস্থার ওয়েব সাইটে দেয়া হয়েছে। জারিকৃত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি।	৯৪তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হলো।	হিসাব পরীক্ষণ বিভাগ
২।	বিভাগওয়ারী মাসিক অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠান।	৯৪তম সভার সিদ্ধান্তের আলোকে হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সারব্যবস্থাপনা, উদ্যান, ডাল তৈল বীজ, বীআমক, খামার, বীউ প্রকল্প, ক:গ্রো: বীজ বিতরণ, বীপ্রস এবং সবজী বীজ বিভাগে বিভাগওয়ারী অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠানের তথ্য ও কার্যবিবরণী পাওয়া গেছে। সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রতি মাসে প্রশাসন উইং-এর সকল বিভাগের আপত্তি নিয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ও কার্যবিবরণী পাওয়া গেছে।	প্রতি মাসে উইং প্রধানগণ তার আওতাধীন বিভাগসমূহের সকল অনিষ্পন্ন আপত্তির শ্রেণীবিন্যাস করে সভায় পর্যালোচনা করবেন। সভার কার্যবিবরণী অডিট বিভাগে প্রেরণ করতে হবে। প্রতি দুইমাস অন্তর চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অগ্রগতি নিয়ে পর্যালোচনা সভা করা হবে।	হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সার ব্যবস্থাপনা, নিয়োগ ও কল্যাণ, সংস্থাপন, সংগঠন ও ব্যবস্থাপনা, মনিটরিং, ক্রয়, উদ্যান, ডাল তৈল বীজ, বীআমক, খামার, বীউ প্রকল্প, ক:গ্রো: বীজ বিতরণ, বীপ্রস এবং সবজী বীজ
৩।	সংস্থার ১৯৭৭-৭৮ হতে ২০১২-২০১৩ সাল পর্যন্ত সংকলনভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তিসংক্রান্ত।	৩.১ ৯৪তম সভার সিদ্ধান্তের আলোকে কোন বিভাগ হতে কার্যপত্র পাওয়া যায়নি। তবে ৬টি বিভাগ হতে মোট ৬টি সংকলনভুক্ত অডিট আপত্তির পুনঃজবাব পাওয়া গেছে। প্রাপ্ত জবাব পর্যালোচনাপূর্বক ৫টি আপত্তির পুনঃজবাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-১)। ৩.২ ত্রিপক্ষীয় সভায় আলোচনার লক্ষ্যে ৩০টি আপত্তির কার্যপত্র বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। গত সভা পরবর্তী সময়ে সংকলনভুক্ত মোট ১২টি আপত্তি বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।	৩.১ সংযুক্ত পরিশিষ্ট অনুযায়ী সকল বিভাগের অনিষ্পন্ন সংকলনভুক্ত অনুচ্ছেদের কার্যপত্র এবং পেডিং তালিকায় সংশ্লিষ্ট বিভাগের পুনঃ জবাবের শতকরা ১০ (দশ) ভাগ জবাব আগামী সভার পূর্বেই অডিট বিভাগে প্রেরণ করবে। ৩.২ ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির অগ্রগতি বাড়াতে হবে।	হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সার ব্যবস্থাপনা, উদ্যান, খামার, ক:গ্রো: বীজ বিতরণ এবং বীপ্রস।

৪।	বাণিজ্যিক অডিট আপত্তির অসীমসিত সাধারণ/অগ্রিম আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।	<p>গত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ১১টি বিভাগের আওতায় মাঠ পর্যায়ের মোট ৩৫৩টি আপত্তির কার্যপত্র পাওয়া গেছে। জবাব যথোপযুক্ত না হলে সুনির্দিষ্ট মন্তব্যসহ ফেরত দেওয়া হচ্ছে।</p> <p>আগস্ট/১৯ মাসে সদর দপ্তরেরমোট ১২টি অনুচ্ছেদের জবাব/কার্যপত্র পাওয়া গেছে। অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তির তালিকা অনুযায়ী নিষ্পত্তির লক্ষ্যে জবাব/কার্যপত্র প্রয়োজন (পরিশিষ্ট-২)।</p>	<p>বাণিজ্যিক অডিটের অনিষ্পন্ন ৫০০০/- টাকা পর্যন্ত আপত্তিগুলো কার্যপত্র/ জবাব প্রেরণের মাধ্যমে আগামী সভার পূর্বে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।</p> <p>ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের নিমিত্ত অন্যান্য শ্রেণীবিন্যাসকৃত অনিষ্পন্ন আপত্তির কার্যপত্র আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণ করতে হবে।</p>	<p>হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সার ব্যবস্থাপনা, নিয়োগ ও কল্যাণ, সংস্থাপন, সংগঠন ও ব্যবস্থাপনা, মনিটরিং, ক্রয়, উদ্যান, ডাল তৈল বীজ, বীআমক, খামার, বীউ প্রকল্প, ক:গ্রো: বীজ বিতরণ, বীপ্রস এবং সবজী বীজ</p>
৫।	সর্বশেষ বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ সংক্রান্ত।	<p>গত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক ২০১৬-১৭ নিরীক্ষা বছরে উত্থাপিত পেভিং ৬৬টি ব্রডশীট জবাবের মধ্যে ৪৯টি জবাব পাওয়া গেছে। অবশিষ্ট ১৭টি আপত্তির জবাব পাওয়া যায়নি। যে সকল অফিসের জবাব পাওয়া যায়নি তার তালিকা উপস্থাপন করা হলো (পরিশিষ্ট-৩)।</p>	<p>২০১৬-১৭ নিরীক্ষা বছরের যে সকল অফিসের উত্থাপিত আপত্তির জবাব এখনো দেয়া হয়নি তা আবশ্যিকভাবে আগামী ১৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে নিষ্পত্তিসহায়ক ব্রডশীট জবাব অডিট বিভাগে প্রেরণ করতে হবে।</p>	<p>সওকা, আলুবীজ ও খামার</p>
৬।	অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।	<p>বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে তালিকায় বর্ণিত ০৯টি বিভাগ হতে বিভিন্ন নিরীক্ষা বছরের মোট ৪৩টি অনুচ্ছেদের ব্রডশীট জবাব, ১১৯টি অনুচ্ছেদের কার্যবিবরণী ও ১৩৪টি অনুচ্ছেদের কার্যপত্র পাওয়া গেছে। উল্লেখ্য, ১১টি বিভাগের ২০০০ থেকে ২০১৮ নিরীক্ষা বছরপর্যন্ত অভ্যন্তরীণ অডিট আপত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা হয়েছে (পরিশিষ্ট-৪)। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্তে ব্রডশীট জবাব/কার্যপত্র প্রয়োজন।</p> <p>অভ্যন্তরীণ অডিট আপত্তির জবাব আপত্তি উত্থাপনের পরবর্তী ০২(দুই) মাসের মধ্যে প্রদানের জন্য অডিট বিভাগের স্মারক নং- ১৯৯ তারিখঃ ১৭/০৬/২০১৯ মোতাবেক একটি সার্কুলার জারী করা হয়েছে।</p>	<p>৬.১ সংযুক্ত তালিকায় বর্ণিত আপত্তির বিভাগওয়ারী শতকরা ১০ ভাগ আপত্তির জবাব/কার্যপত্র আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>৬.২ অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ক্রাশ প্রোগ্রাম নিতে হবে।</p>	<p>হিসাব পরীক্ষণ, হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সার ব্যবস্থাপনা, নিয়োগ ও কল্যাণ, সংস্থাপন, সংগঠন ও ব্যবস্থাপনা, মনিটরিং, ক্রয়, উদ্যান, ডাল তৈল বীজ, বীআমক, খামার, বীউ প্রকল্প, ক:গ্রো: বীজ বিতরণ, বীপ্রস এবং সবজী বীজ</p>
৭।	দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত।	<p>৭.১ ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে খামারবিভাগহতে ৪টি, বীআমক বিভাগ হতে ৩টি এবং সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে ২টি সহ মোট ৯টি পুন: জবাবপাওয়া গেছে যা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-৫)। দ্বি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে বীজ বিতরণ বিভাগ হতে ৫টি পুন: জবাব পাওয়া যায়।</p> <p>৭.২ সিদ্ধান্তের আলোকে স্মারক নং-২০০ তারিখঃ ১৭/০৬/১৯ সার্কুলার জারী করা হয়েছে।</p>	<p>সংযুক্ত তালিকার দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে পুন: জবাবের শতকরা ১০ (দশ) ভাগ পুন: জবাব আগামী সভার পূর্বে প্রেরণ করতে হবে।</p>	<p>হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সার ব্যবস্থাপনা, নিয়োগ ও কল্যাণ, সংস্থাপন, সংগঠন ও ব্যবস্থাপনা, মনিটরিং, ক্রয়, উদ্যান, ডাল তৈল বীজ, বীআমক, খামার, বীউ প্রকল্প, ক:গ্রো: বীজ বিতরণ, বীপ্রস এবং সবজী বীজ</p>

৮।	একই প্রকৃতির বাণিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রমগ্রহণ।	<p>৮.১ সিদ্ধান্তের প্রেক্ষিতে আপত্তির তালিকা সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। একই প্রকৃতির আপত্তিরখামার, হিসাব, বীজ বিতরণ, আলুবীজ, বীআমক, সংরক্ষন ও কারখানা, (ক:প্রো), সবজী বীজ, সার ব্যবস্থাপনা বিভাগ থেকে কার্যপত্র পাওয়া গেছে।</p> <p>বাণিজ্যিক অডিট আপত্তিগুলোকে ২০টি শ্রেণীতে বিভক্তকরে সর্বমোট ৪৬১৪টি আপত্তির দপ্তরভিত্তিক তালিকা করা হয়েছে (পরিশিষ্ট-৬)। এছাড়াও ক্ষুদ্রসেচ উইংএর আওতাধীন সেচযন্ত্রের ভাড়া ও মূল্য অনাদায়ী সংক্রান্ত সর্বমোট ১৩৯৩টি অডিট আপত্তি রয়েছে।</p> <p>৮.২ সিদ্ধান্তের আলোকে সার ব্যবস্থাপনা বিভাগের আওতায় ৫০০০/- টাকা পর্যন্ত ২৬টি আপত্তি ইতিমধ্যে নিষ্পত্তি হয়েছে। অন্য কোন বিভাগ হতে ৫০০০/- টাকা পর্যন্ত আপত্তিগুলো নিষ্পত্তির ব্যবস্থা গ্রহন ও বাজেট অতিরিক্ত খরচ সংক্রান্ত আপত্তিগুলোর মঞ্জুরী জারী সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।</p>	একই প্রকৃতির শ্রেণীবিন্যাসকৃত বাণিজ্যিক অডিট আপত্তির তালিকা প্রস্তুতের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সার ব্যবস্থাপনা, নিয়োগ ও কল্যাণ, সংস্থাপন, সংগঠন ও ব্যবস্থাপনা, মনিটরিং, ফ্রয়, উদ্যান, ডাল তৈল বীজ, বীআমক, খামার, বীউ প্রকল্প, ক:প্রো: বীজ বিতরণ, বীপ্রস এবং সবজী বীজ
৯।	বিবিধ	সদস্য পরিচালক (অর্থ) মহোদয় অডিট আপত্তির নিষ্পত্তির সহায়ক জবাব প্রস্তুতের ক্ষেত্রে একটি নির্দেশনা এবং নিষ্পত্তির ক্ষেত্রে প্রধান প্রধান চ্যালেঞ্জসমূহ ও সুপারিশমালা উপস্থাপন করেন (পরিশিষ্ট-৭)। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা পালনপূর্বক অডিট আপত্তির যথাসময়ে সুস্পষ্ট জবাব/কার্যপত্র প্রণয়ন করতে হবে।	হিসাব, সাধারণ পরিচর্যা, নির্মাণ, সওকা, ক্ষুদ্রসেচ, আলুবীজ, সার ব্যবস্থাপনা, নিয়োগ ও কল্যাণ, সংস্থাপন, সংগঠন ও ব্যবস্থাপনা, মনিটরিং, ফ্রয়, উদ্যান, ডাল তৈল বীজ, বীআমক, খামার, বীউ প্রকল্প, ক:প্রো: বীজ বিতরণ, বীপ্রস এবং সবজী বীজ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মো: সায়েদুল ইসলাম)


(অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান

বিএডিসি, ঢাকা।

ফোন-৯৫৬৪৩২৮

ই-মেইল-chairman@badc.gov.bd




স্মারক নং- ১২.০৬.০০০০.২৩৩.০০৬.৪৭৩.১৯ - ৭৭ (৪০)

তারিখঃ ০৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাব্যবস্থাপক (অর্থ/ক্রয়/তদন্ত/সার ব্যবস্থাপনা/বীজ/উদ্যান উন্নয়ন/এ,এস,সি/পাটবীজ) বিএডিসি, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/ সংরক্ষণ ও কারখানা/ নির্মাণ) বিএডিসি, ঢাকা।
- ৩। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
- ৪। প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/বীবি/কঃগ্রোঃ/সিডিপি রুপস/খামার) বিএডিসি, ঢাকা।
- ৬। যুগ্ম-পরিচালক (সংগঠন ও ব্যবস্থাপনা/নিয়োগ ও কল্যাণ/সংস্থাপন/সাধারণ পরিচর্যা) বিএডিসি, ঢাকা।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৮। প্রকল্প পরিচালক (বীআমক/বেপবীউপ্র/ডাল ও তৈলবীজ/জাতীয় সবজী বীজ/বীউ প্রকল্প) বিএডিসি, ঢাকা।
- ৯। উপ-পরিচালক (সমন্বয়/আইন) বিএডিসি, ঢাকা।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (সদস্য পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। আই সি টি সেল প্রধান (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১৪। অফিস কপি।

  
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)  
নিয়ন্ত্রক (অডিট) চ:দা:  
বিএডিসি, ঢাকা।  
ফোন: ৯৫৫২৫৫২